



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম



ওয়েবসাইট: ctgcollege.gov.bd ইমেইল: ctgcollege@yahoo.com

বিজ্ঞপ্তি

চট্টগ্রাম কলেজের শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে- ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় পরিপালনের লক্ষ্যে গৃহীত বিভিন্ন প্রতিযোগিতার সময়সূচিঃ

চিত্রাঙ্কন প্রতিযোগিতা- (উচ্চ মাধ্যমিক শ্রেণির জন্য)-

অঙ্কনের বিষয়বস্তুঃ 'শিল্পীর চোখে বঙ্গবন্ধু'

তারিখঃ ১৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ; বৃহস্পতিবার, সকাল ১০.০০টা

স্থানঃ কলেজ লিচুতলা

নির্দেশনাঃ নির্দিষ্ট সাইজের আর্টপেপার প্রতিযোগিতা-স্থলে সরবরাহ করা হবে। প্রতিযোগীরা প্রয়োজনীয় রঙ-পেন্সিল-ভুলি নিজে বহন করবে। অঙ্কনে রঙের ব্যবহার ঐচ্ছিক।

রচনা প্রতিযোগিতা

ক-শাখা-(উচ্চ মাধ্যমিক শ্রেণি)

বিষয় শিরোনামঃ 'বাংলার স্বাধীনতা: এক সাগর রক্তের ঋণ' (সর্বোচ্চ ১০০০ শব্দ)

খ-শাখা-(স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণি)


বিষয় শিরোনামঃ 'স্বাধীনতার চেতনা ও নতুন প্রজন্ম' (সর্বোচ্চ ১৫০০ শব্দ)

নির্দেশনাঃ প্রতিযোগীরা নির্ধারিত শিরোনাম অনুযায়ী রচনা পরিচ্ছন্ন A4 সাইজ সাদাকাগজে স্বহস্তে লিখে আগামী ২০ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ বুধবারের মধ্যে ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ আলমগীর চৌধুরী-র নিকট জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ উল্লিখিত প্রতিযোগিতায় ১ম, ২য়, ৩য় স্থান অর্জনকারীকে ২৬ মার্চ কলেজ অডিটোরিয়ামে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে।

আগ্রহী শিক্ষার্থীদেরকে উল্লিখিত সময়সূচি অনুযায়ী প্রতিযোগীতায় অংশগ্রহণের জন্য আহ্বান করা যাচ্ছে।

প্রতি স্বাক্ষর:


(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম


১২/৩/২৪

(মোহাম্মদ নূরুজ্জামান)

সহকারী অধ্যাপক, বাংলা

ও

আহ্বায়ক, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উপ-কমিটি
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম